# হাকিমপুর পৌরসভা কার্যালয়

## হিলি স্থল বন্দর

দিনাজপুর।

==========

## পঞ্চম পরিষদ

**অধিবেশন নং-৩৬**

**সভাপতি** ঃ জনাব এন.এ.এম জামিল হোসেন চলন্ত
তারিখ ঃ ৩০/১১/২০২৩ইং, রোজ-বৃহস্পতিবার
সময় ঃ সকাল-১১,০০ ঘটিকা ।
স্থান ঃ পৌরসভা কার্যালয় সভাকক্ষ।

উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক'

অদ্য ৩০-১১-২০২৩ইং তারিখ- রোজ ঃ বৃহস্পতিবার, সকাল-১১.০০ ঘটিকার হাকিমপুর পৌরসভার সভাকক্ষে নির্বাচিত পঞ্চম পৌর পরিষদের ৩৬তম সাধারন সভা অনুষ্ঠিত হয় । সভায় সভাপতিত্ব করেন- পৌর মেয়র ও সভার সভাপতি, জনাব এন.এ.এম জামিল হোসেন চলন্ত। সভায় সভাপতি মহোদয় প্রথমে উপস্থিত সকল কাউন্সিলর বৃন্দকে সভায় যথা সময়ে উপস্থিত হওয়ার কৃতজ্ঞতা প্রকাশ করেন।

**আলোচ্য বিষয় ঃ (১) <u>গত অধিবেশনের রেজুলেশন পঠন ও দৃঢ় করণ</u> ।**

সিদ্ধান্ত ঃ সহকারী প্রকৌশলী, (অঃদঃ পৌর নির্বাহী কর্মকর্তা), হরিপদ রায়, সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে ৩০-১০-২০২৩ইং তারিখের পঞ্চম পরিষদের ৩৫তম সভার কার্য বিবরণী পাঠ করে শুনান, উপস্থিত সম্মানীত সকল সদস্য তা মনোযোগ সহকারে শ্রবন করেন। উক্ত কার্য বিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্ব সম্মতিক্রমে তা দৃঢ় করণ করা হয়।

**আলোচ্য বিষয়ঃ (২) <u>জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ</u>।**

আলোচনা ঃ মেয়র মহোদয় স্বাস্থ্য শাখার নিকট জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ে জানতে চাইলে তিনি জানান যে, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম যথা নিয়মে পরিচালিত হচ্ছে । নভেম্বর/২০২৩ মাসে ০-৪৫ দিনের ০১ জন, ৪৬-৩৬৫ দিনের ০২জন, ৩৬৫ দিনের উর্দ্ধে ২১জন, সর্বমোট-২৪জন নতুন জন্ম নিবন্ধন হয়েছে এবং সনদ বিতরন হয়েছে ৩০টি এবং মৃত্যু নিবন্ধনের সংখ্যা ০৮জন।

সিদ্ধান্ত ঃ অতঃপর কর্মকান্ডে সন্তোষ প্রকাশ করা হয়। প্রতি মাসের মাসিক সভায় জন্ম ও মৃত্যু নিবন্ধনের সংখ্যা ও সনদ বিতরনের সংখ্যা উপস্থাপনসহ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য বিষয়ঃ (৩) <u>হোল্ডিং কর আদায় বিষয়ে আলোচনা প্রসংগে</u>।**

আলোচনাঃ সভায় কর আদায়কারীর নিকট কর আদায় বিষয়ে অগ্রগতি জানতে চাইলে তিনি জানান কর আদায় কার্যক্রম একটি চলমান প্রক্রিয়া, তারই অংশ হিসাবে হোল্ডিং করের বিল বিতরন চলছে এবং হোল্ডিং কর আদায় কার্যক্রম সন্তোষজনক। হোল্ডিং কর আদায়ে ওয়ার্ড কাউন্সিলরগনের সহযোগিতা কাম্য। নভেম্বর/২০২৩ইং মাসে হোল্ডিং কর আদায় হয়েছে-৪৪,৬৮৭/= এবং ট্রেড লাইসেন্স থেকে আয় হয়েছে-১,০৮,৭১২/=টাকা।

সিদ্ধান্ত ঃ শাখার কার্যক্রমে সন্তোষ্টি প্রকাশ করা হয়। হোল্ডিং কর আদায় কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে প্রতি ওয়ার্ডে হোল্ডিং কর বিল বিতরনের সময় কাউন্সিলরগণ বিতরনকারীকে সার্বিক সহযোগিতা করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় সকলে মতামতের ভিত্তিতে।

**আলোচ্য বিষয়ঃ (৪) <u>বিচার শাখার কার্যক্রম বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ</u>।**

আলোচনাঃ মেয়র মহোদয় বিচার শাখার দায়িত্ব প্রাপ্ত কাছে বিচার শাখার কার্যক্রম সম্পর্কে জানতে চাইলে তিনি জানান যে, বর্তমানে বিচারাধীন মামলার (নভেম্বর/২০২৩) সংখ্যা ০৮টি, নিস্পত্তির সংখ্যা-০৩টি, নিস্পত্তির অপেক্ষায় ০৫টি। তিনি এই শাখার কার্যক্রম পরিচালনা কোন বাধার সম্মুখিন হচ্ছেন কিনা জানতে চাইলে তিনি জানান শাখার কার্যক্রম সন্তোষজন ভাবে চলছে। বিচার চলাকালীন সময় একজন পুরুষ ও একজন মহিলা নিরাপত্তা কর্মীর প্রয়োজনীয়তা উল্লেখ করেন।

সিদ্ধান্ত ঃ মহিলা নিরাপত্তা কর্মীর বিষয়ে আগামী সভায় সিদ্ধান্ত গ্রহণ হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় এবং প্রতি মাসের মাসিক সভায় বিচারাধীণ মামলার সংখ্যা, নিস্পত্তির সংখ্যা ও অনিস্পত্তি মামলা সংখ্যা উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য বিষয়ঃ (৫) <u>বিদ্যুৎ শাখার কার্যক্রম বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ</u>।**

আলোচনাঃ বিচার শাখার দায়িত্ব প্রাপ্তর কাছে বিদ্যুৎ শাখার কার্যক্রম সম্পর্কে জানতে চাইলে তিনি জানান যে, বর্তমানে পৌরসভায় মোট ৮২০টি সড়ক বাতির সবগুলোই সচল রয়েছে। আমরা নিয়মিত বাতিসমুহের পরিচর্যা করে থাকি।

সিদ্ধান্ত ঃ বিদ্যুৎ শাখার কার্যক্রমে সভায় সন্তোষ্টি প্রকাশ করনে এবং যত্ন সহকারে কার্যক্রম পরিচানার জন্য নির্দেশনা প্রদান করা হয় এবং প্রতিমাসে সচল, অচল ও মেরামতকৃত বাতির সংখ্যা উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য বিষয়ঃ** (৬) ২০২৩-২০২৪ইং অর্থ বছরের বার্ষিক উন্নয়ন তহবিল, বিশেষ বরাদ্দ এবং ডেঙ্গু ও মশক প্রতিরোধে প্রাপ্ত বরাদ্দের বিপরীতে তৈরীকৃত প্রকল্পসমুহ অনুমোদন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

আলোচনা ঃ সভায় সহকারী প্রকৌশলী, হরিপদ রায়, ওয়ার্ড কমিটি ও শহর সমন্বয় কমিটি হতে পৌরসভার বিভিন্ন ওয়ার্ডের উন্নয়নের লক্ষ্যে গৃহীত প্রকল্প তালিকা সভায় উপস্থাপন করেন, উপস্থাপিত তালিকার প্রকল্প নিয়ে সভাপতি মহোদয় জানান যে, চলতি ২০২৩-২০২৪ইং অর্থ বছরে বার্ষিক উন্নয়ণ তহবিল(এডিবি) হতে ০৪(চার) কিস্তিতে ১৭,১৫,৫০০/= টাকা হারে সর্বমোট ৬৮,৩২,০০০ লক্ষ টাকা, বিশেষ বরাদ্দ ববাদ-৫০,০০,০০০/= লক্ষ টাকা এবং কোভিড-১৯ ডেঙ্গু ও মশক নিধনে-৫,৪৮,০০০/=টাকা, সর্বমোট ১,২৪,১০,০০০/= পাওয়া সম্ভবনা রয়েছে, উস্থাপিত তালিকার প্রাক্কলিত মুল্য-১,২৩,৩৫,৪২২টাকা । উল্লেখিত তালিকার প্রকল্প সমুহ বাস্তবায়নের বিপরীতে ব্যয় করা হবে এবং অবশিষ্ট ১,০৩,৭০৬/= ডেঙ্গু ও মশক নিধন কার্যক্রমে বিপরীতে প্রচার ও শ্রমিক ব্যয় বহণ করা হবে। বিষয়টি নিয়ে সভায় ব্যাপক আলোচনা পর্যালোচনা হয়।

সিদ্ধান্ত ঃ অতঃপর নিম্নে উল্লেখিত তালিকার প্রকল্পসমুহ ২০২৩-২০২৪ অর্থ বছরে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র নং | প্রকল্পের নাম | মন্তব্য |
|---|---|---|
| ১ | চুরিপট্টি পারভীনের বাড়ী হতে দক্ষিন দিকে মিঠুর বাড়ী পর্যন্ত ৫৭মিটার সিসি রাস্তা এবং মসজিদের পশ্চিম দিকে ১৯মিটার ব্রিক ড্রেন নির্মাণ। | |
| ২ | বাংলাহিলি বাজারের মুরগী মার্কেটের সামনে ৬১মিটার সিসি রাস্তা নির্মাণ এবং পৌর মার্কেটের সামনে ৬৮মিটার ব্রিক ড্রেন নির্মাণ। | |
| ৩ | মধ্যবাসুদেবপুর কামরুজ্জামানের বাড়ী হতে আনন্দ বাড়ী পর্যন্ত ৩৮মিটার আরসিসি রাস্তা নির্মাণ | |
| ৪ | দক্ষিনবাসুদেবপুর মেফার দোকান এবং মোকারমের বাড়ীর সামনে আরসিসি বক্স কালর্ভাট নির্মাণ | |
| ৫ | দক্ষিনবাসুদেবপুর জাহাঙ্গীরের বাড়ী হতে দক্ষিন দিকে সুইট এর বাড়ী পর্যন্ত ১১৫মিটার ব্রিক ড্রেন নির্মাণ | |
| ৬ | রোড লাইট এবং সোলার লাইট সেট সরবরাহ করণ। | |
| ৭ | হাকিমপুর থানা চত্বরে বিশ্রামাগার নির্মাণ। | |
| | | |
| | **প্যাকেজ নং-এডিপি/২৩-২৪/০১** | |
| ১ | মধ্যবাসুদেবপুর ডাঃ সেকেন্দারের বাড়ী হতে পারুলের বাড়ী হয়ে রেজাউলের বাড়ী পর্যন্ত ১২৫ মিটার সিসি রাস্তা নির্মাণ করণ। | |
| ২ | মধ্যবাসুদেবপুর রশিদের বাড়ী হতে দক্ষিন দিকে জনি কামারের বাড়ী পর্যন্ত ৮০মিটার সিসি রাস্তা নির্মাণ | |
| ৩ | দক্ষিনবাসুদেবপুর আজিমুদ্দিনের বাড়ী হতে দক্ষিন দিকে জনির বাড়ী পর্যন্ত ৭৭মিটার সিসি রাস্তা নির্মাণ | |
| ৪ | মুহাড়াপাড়া ঈদগাহের রাস্তার বক্স কালর্ভাট নির্মাণ। | |
| ৫ | মুহাড়াপাড়া আফতাবের বাড়ী হতে পশ্চিম দিকে বাবুল মল্লিকের বাড়ী পর্যন্ত ১০০মিটার সিসি রাস্তা এবং ব্রিক ড্রেন নির্মাণ এবং ৮৫মিটার ড্রেন নির্মাণ। | |
| ৬ | মুহাড়াপাড়া ইমদাদুলের বাড়ী হতে পশ্চিম দিকে নিচু জমি পর্যন্ত ৯০মিটার ব্রিক ড্রেন নির্মাণ। | |
| ৭ | কেন্দ্রীয় কবরস্থানে সেড নির্মাণ। | |
| | | |

| | | |
|---|---|---|
| | **প্যাকেজ নং-এডিপি/২৩-২৪/০২** | |
| ১ | মুহাড়াপাড়া ইউসুফের বাড়ী হতে মোজাফরের বাড়ী পর্যন্ত ১২৫মিটার সিসি রাস্তা নির্মাণ। | |
| ২ | ধরন্দা কিনুর দোকান হতে দক্ষিন দিকে টুকুর বাড়ী পর্যন্ত ২৮৫মিটার সিসি রাস্তা নির্মাণ। | |
| ৩ | মাটির ড্রেন পরিস্কার ও সংস্কার করণ এবং ক্ষতিগ্রস্থ ব্রিক ও আরসিসি ড্রেন মেরামত করণ। | |
| ৪ | ধরন্দা উজ্জলের গোডাউন হতে ঈদগাহ মাঠ পর্যন্ত ৮৫মিটার সিসি রাস্তা নির্মাণ। | |
| ৫ | ধরন্দা মোস্তফার বাড়ী হতে উত্তর দিকে নুর আলমের বাড়ী পর্যন্ত ৬৫মিটার সিসি রাস্তা নির্মাণ। | |
| ৬ | চন্ডিপুর উত্তম এর বাড়ী হতে সুজনের বাড়ী হয়ে স্বাগতমের বাড়ী পর্যন্ত ৬৫মিটার সিসি রাস্তা নির্মাণ। | |
| ৭ | কম্পিউটার, প্রিন্টার, মাইকের হর্ন অডিও ভিজুওয়াল সরবরাহ করণ। | |
| | **প্যাকেজ নং-এডিপি/২৩-২৪/০৩** | |
| ১ | ৯টি ওয়ার্ডে ক্রিড়া সামগ্রী সরবরাহ করণ। | |
| ২ | পৌরসভার রাস্তায় কৃষ্ণচুড়া, রাধাকৃষ্ণ, নীম গাছের চারা রোপন | |
| ৩ | ছাতনী ফরিদের বাড়ী হতে মতিনের বাড়ী পর্যন্ত ৮০মিটার ব্রিক ড্রেন নির্মণ। | |
| ৪ | বড় জালালপুর হিলি-ঘোড়াঘাট রাস্তা হতে দক্ষিন দিকে জরিপের বাড়ী পর্যন্ত ১২০মিটার ব্রিক ড্রেন নির্মাণ | |
| ৫ | উত্তরবাসুদেবপুর বুলুর বাড়ী হতে পশ্চিম দিকে কালর্ভাট পর্যন্ত ৩৫মিটার ব্রিক ড্রেন নির্মাণ। | |
| ৬ | উত্তরবাসুদেবপুর রবিউলের বাড়ী হতে পূর্ব দিকে তোলোর বাড়ী পর্যন্ত ১১০মিটার সিসি রাস্তা নির্মাণ। | |
| ৭ | ০৪টি মুক্তিযোদ্ধা ফলকে টাইলস করণ । | |
| ৮ | ইসমাইলপুর কবরস্থানের ব্রিক প্যালাসাইডিং করণ ৬৫মিটার। | |
| | **প্যাকেজ নং-এডিপি/২৩-২৪/০৪** | |
| ১ | ডেঙ্গু ও মশক প্রতিরোধে প্রচার বাবদ লিফলেট, ফেস্টুন, স্প্রে মেশিন, ফগার মেশিন,মারলো লিকুইড, ফিনিস, পেট্রোল এবং ডিজেল সরবরাহকরণ। | |
| | **প্যাকেজ নং-এডিপি/২৩-২৪/০৪** | |

অদ্যকার সভার আর কোন আলোচনা না থাকায় সভার সভাপতি মহোদয় আবারও সকলকে যথা সময়ে সভায় উপস্থিত হয়ে মতামত প্রদানসহ সিদ্ধান্ত গ্রহণে সহযোগিতা করার জন্য সকলের সু-স্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

এন.এ.এম. জামিল হোসেন চলন্ত
মেয়র
হাকিমপুর পৌরসভা
দিনাজপুর